জয়পুরহাট জেলার জুন, ২০১৯ মাসের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোহাম্মদ জাকির হোসেন
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট

স্থান: জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জয়পুরহাট

তারিখ: ০৯/০৬/২০১৯ খ্রি., সময়ঃ বেলা ১২.২০ ঘটিকা

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''ক'' ও ''খ'' দ্রষ্টব্য

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ বিষয়ে উন্মুক্ত আলোচনা করা হয়। এ বিষয়ে কোন আবেদন পাওয়া যায়নি মর্মে আলোচনা পর্যায়ে সভাকে অবহিত করা হয়। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট বলেন, যৌতুক, বাল্যবিবাহ নিরোধ, যৌন হয়রানীসহ, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে উঠান বৈঠক, সচেতনতামূলক কার্যক্রম, এবং প্রচার-প্রচারণা চলমান রয়েছে। প্রতিটি ইউনিয়নে একটি করে কিশোরী ক্লাব গঠন করে তাদের মাধ্যমে নারীদেরকে সতর্ক করা হয়। এছাড়া পারিবারিক সমস্যা সমাধানের চেষ্টাসহ নারীদেরকে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান অব্যাহত রয়েছে। সভায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে নারী শিক্ষার প্রসার ও বাল্য বিবাহ নিরোধসহ সচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রাখার প্রতি গুরুত্ব আরোপ করা হয়। এ সংক্রান্ত মোটিভেশনাল কার্যক্রম আরও গতিশীল করতে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান জানানো হয়। গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কিশোরী ক্লাব এবং বিভিন্ন এনজিও মাধ্যমে প্রতিটি ইউনিয়নে সভাকরণসহ শিক্ষা প্রতিষ্ঠানে মোটিভেশনাল কার্যক্রম পরিচালনা করতে হবে। যৌন হয়রানী এবং বাল্যবিবাহ বন্ধে জিরো টলারেন্স নিয়ে কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। এছাড়া নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত কোন মামলা দায়ের হলে অধিক গুরুত্ব দিয়ে মামলা পরিচালনার জন্য রাষ্ট্রপক্ষকে অনুরোধ জানানো হয়। এছাড়া উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তরকে সম্পৃক্ত করে এনজিওসমূহের মাধ্যমে যৌন হয়রানীসহ নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে কার্যক্রম পরিচালনার পাশাপাশি সার্বিক বিষয়ে উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, জয়পুরহাটকে সমন্বিত ভাবে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর মে ২০১৯ মাসের উপস্থাপিত তথ্যের ভিত্তিতে বিস্তারিত আলোচনা করা হয়:

১। নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত মামলার তদন্তের অগ্রগতি বিষয়ক তথ্য:

তদন্ত পর্যায়ের মামলা: (মে ২০১৯ মাসের)

গত মাসে পেন্ডিং মামলার সংখ্যা	দায়েরকৃত মামলার সংখ্যা	মোট পেন্ডিং মামলা	চূড়ান্ত প্রতিবেদন দাখিল	অভিযোগ পত্র দাখিল	মোট নিষ্পত্তি	তদন্তাধীন পেন্ডিং মামলার সংখ্যা
২৭	১২	৩৯	-	০৬	০৬	৩৩

২। বিচার পর্যায়ের মামলা: (মে ২০১৯ মাসের)

পূর্ববর্তী মাসে অনিষ্পন্ন মামলার সংখ্যা	মে ২০১৯ মাসে প্রাপ্ত মামলার সংখ্যা	মোট	মে ২০১৯ মাসে নিষ্পত্তি				বিচারাধীন পেন্ডিং মামলার সংখ্যা
			সাজা	খালাস	অন্যান্যভাবে	মোট	
-	-	-	-	-	-	-	-

৩। উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে বিস্তারিত আলোচনা অন্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	নারী ও শিশু নির্যাতন/পাচার প্রতিরোধ	ক) সকল প্রকারের নারী ও শিশু নির্যাতন/পাচার প্রতিরোধে জিরো টলারেন্স নিয়ে কার্যক্রম পরিচালনাসহ আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সতর্ক নজরদারি এবং মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। খ) গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কিশোরী ক্লাব এবং বিভিন্ন এনজিওর মাধ্যমে প্রতিটি ইউনিয়নে সভাকরণের পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে মোটিভেশনাল কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২) উপজেলা নির্বাহী অফিসার(সকল) ৩) উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর ৪) উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ৫) উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ৬) প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, জয়পুরহাট
২	নারী ও শিশু নির্যাতন সংক্রান্ত তদন্তাধীন মামলা	নারী ও শিশু নির্যাতন বিষয়ে কোন মামলা দায়ের হলে যথাসম্ভব দ্রুততম সময়ের মধ্যে তদন্তকাজ সম্পন্ন করে প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে।	পুলিশ সুপার, জয়পুরহাট

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩	নারী ও শিশু নির্যাতন বিষয়ক প্রাপ্ত আবেদন ও বিচারাধীন মামলা	ক) নারী ও শিশু নির্যাতন বিষয়ে কোন আবেদন পাওয়া গেলে ভিকটিমকে যথাসম্ভব দ্রুত উদ্ধারপূর্বক তার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) কোন মামলা দায়ের হলে রাষ্ট্রপক্ষে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে মামলা পরিচালনাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং ভিকটিমকে প্রয়োজনীয় আইনগত সহায়তা প্রদান করতে হবে।	১) বিজ্ঞ পিপি/স্পেশাল পিপি ২) উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর ৩) প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, জয়পুরহাট

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০১৩.১৯-৮৭৬ তারিখ: ০৪/০৭/২০১৯ খ্রি.

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৫। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর ভবন, বাংলাদেশ সুপ্রীম কোর্ট প্রাঙ্গন, ঢাকা

অবগতি ও কার্যার্থ অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

৬। পুলিশ সুপার, জয়পুরহাট
৭। সিভিল সার্জন, জয়পুরহাট
৮। সিনিয়র সহকারী সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (নারী ও শিশু নির্যাতন কেন্দ্রীয় প্রতিরোধ সেল), বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট
১০। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট
১১। বিজ্ঞ স্পেশাল পিপি, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, জয়পুরহাট
১২। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, জয়পুরহাট সদর/পাঁচবিবি/আক্কেলপুর/ক্ষেতলাল/কালাই, জয়পুরহাট
১৩। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, জয়পুরহাট
১৪। প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস, সেল, জয়পুরহাট
১৫। নির্বাহী পরিচালক, এইচপিডিও (এনজিও)

০৪/০৭/১৯
(সাদেকুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: ০৫৭১-৬২২৫২
admjoypurhat@mopa.gov.bd

E:\New folder Nikosh\Rejulation Nikosh\Nari o sisu rej. dec.13 Nik.doc

সভায় উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট -'ক'(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পুলিশ সুপার, জয়পুরহাট (প্রতিনিধি)
২। সিভিল সার্জন, জয়পুরহাট (প্রতিনিধি)
৩। উপজেলা পরিষদ চেয়ারম্যান, জয়পুরহাট সদর
৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান, আক্কেলপুর
৫। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর
৬। উপজেলা নির্বাহী অফিসার, পাঁচবিবি
৭। উপজেলা নির্বাহী অফিসার, ক্ষেতলাল
৮। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, জয়পুরহাট
৯। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জয়পুরহাট
১০। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, জয়পুরহাট (প্রতিনিধি)
১১। জেলা তথ্য অফিসার, জয়পুরহাট
১২। জেলা শিক্ষা অফিসার, জয়পুরহাট
১৩। প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেল, জয়পুরহাট
১৪। সভাপতি, জয়পুরহাট জেলা প্রেস ক্লাব, জয়পুরহাট
১৫। জনাব শিরিণ আখতার, সহযোগী অধ্যাপক, জয়পুরহাট সরকারী মহিলা কলেজ(প্রতিনিধি)
১৬। জনাব মাহবুবা বেগম, নির্বাহী পরিচালক, এইচপিডিও, জয়পুরহাট
১৭। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, জয়পুরহাট

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট ''খ''(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। উপজেলা পরিষদ চেয়ারম্যান, পাঁচবিবি
২। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ক্ষেতলাল
৩। উপজেলা পরিষদ, চেয়ারম্যান, কালাই
৪। উপজেলা নির্বাহী অফিসার, আক্কেলপুর
৫। উপজেলা নির্বাহী অফিসার, কালাই
৬। জেলা রেজিস্ট্রার, জয়পুরহাট
৭। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, আক্কেলপুর
৮। বিজ্ঞ পিপি, জয়পুরহাট
৯। সভাপতি, জয়পুরহাট প্রেস ক্লাব, জয়পুরহাট
১০। চেয়ারম্যান, জাতীয় মহিলা সংস্থা, জয়পুরহাট
১১। এ্যাড. ফিরোজা চৌধুরী, বিজ্ঞ স্পেশাল পিপি, জয়পুরহাট